# একটি বসুন্ধরা

মাহমুদা রুনু

আমাদের একজন মুসা ইব্রাহীম
এভারেষ্ট চুড়ায় বাংলাদেশকে তুলে ধরেন ।
আমাদের একজন ব্রজেন দাস ইংলিশ চ্যানেল
জয় করেন ।
একজন রবীন্দ্রনাথ একাই হোয়ে ওঠেন একটি বাংলাদেশ ।
আর একজন ডঃ ইউনুস বিশ্বের বিস্ময় অশেষ;
ক্ষুদ্র ঋণের জন্য ।
একজন ডঃ এফ আর খান এর স্থাপত্য
সিয়াটলের গগনে অবিস্মরনীয়, ধন্য ।
একজন সর্বশ্রেষ্ট বাঙ্গালীর উদাত্ত আহ্বানে
রক্তের বন্যায় ভেসে যায় ত্রিশ লক্ষ মানুষ
জন্ম হয় একটি বাংলাদেশ । জীবনের জয়গানে ।

এই সেই দেশ —-
এই সেই শহর—-

প্রিয় বুড়িগঙ্গা বিষাক্ত জলাধার,
জনপথ স্থবির জানজটের বদ্ধতায়,
টাওয়ার নামের ইমারতের বাহুল্যতায় -
পথেই হয়েছে পয়ঃনিস্কাসনের বন্দোবস্থ , নির্বিকার ।
চারদেয়ালের বদ্ধ পরিসরে স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় ।
উন্নত বিশ্বের সাথে পাল্লা দিয়ে শপিং মল, চলছে ভালোয় ভালোয় ।
হীরা জহরত আর বিশ্বখ্যাত ব্র্যান্ডের চোখ ধাধানো সমারোহ ।
লেক্সাস আর মার্সিডিজ চোখ ধাঁধায় অহরহ ।
পানির স্তর নামতে নামতে এখন আর তল খুজে মেলেনা ,
পানির অভাবে সেচ কাজ চলেনা ।
বিদ্যুৎ সদাই খেলে লকোচুরি, এই আসে এই নেই
গ্যাস নেই নেই করে কোনমতে চলছে, ধুক ধুক ধেই ।
মাছে-ভাতে বাঙ্গালী এখন শিশুর পাঠ্য। বাস্তবতার বহুদুর ।
কোথায় জন্মাবে ইলিশ? সোনালী ইলিশ? অচিনপুর ।
তুরাগ, পদ্মা, ধলেশ্বরী?
চরে চরে হোয়েছে দিগম্বরী ।

শিল্প-কারখানার চিমনিগুলো একে একে নিভে যায়
আমদানীকৃত পন্যের বাহুল্যতায় ।

তবুও ফাগুন আসে আমার প্রিয় শহরে
কৃষ্ণচুড়া আপন মনে ফুটে যায়,
শহীদ মিনার ফুলে ঢেকে যায়,
দোয়েলেরা ডাকে আপন সুরে ।
শরতের আকাশে মেঘেরা ভীর করে নীলাম্বরি চমকে ।
নিত্য একক জীবন সংগ্রামী মানুষ বাঁচে
থমকে থমকে ।
দিনান্তে আগামীর ভরসায়
আশায় আশায়।

আমার শহর কাঁদে অমাবশ্যা, পুর্নিমা রাতে।
দুহাত বাড়িয়ে ডাকে আমাদের । তোমায় আমায় -
যারা উন্নত বিশ্বকে আরো উন্নত করতে
দিবানিশী মেধাকে বিকোচ্ছি বহুমুল্য বিনিময় ।

বিচিত্র বিস্ময়ে নির্বাক দর্শক, কেন দ্বিধা?
ত্রিশ কোটি সবল হাত, পনর কোটি উজ্জ্বল মেধা ।

জনতার বহুল প্রত্যাশিত ম্যান্ডেট
শ্রেষ্ট-বাঙ্গালীর কন্যার করতলে ।
বিশাল আশা, অফুরন্ত ভরসা নিরেট -
আমার শহর, আমার দেশ হবে সেই দেশ
পনর কোটি মেধার কৌশলে, ছলে-বলে ।

ভরসার শতকোটি প্রদীপ
জ্বলছে নিভু নিভু আলোয় ।
ওহে বিপ্লবী বাঙ্গালী
আরো একবার জেগে ওঠো, আর একটিবার
রক্ষা করো আমাদের শহর ।
আমাদের স্বদেশ ।
তাকে দাও উন্নতির শ্বাশ্বত সাফল্য,
পানি-আলো, ধন-ধান্য, পাখী-পুস্পময়
একটি বসুন্ধরা ।

১৫ সেপ্টেম্বর ২০১০